# প্রমেয়-রত্যবলী।



কান্তিমালা দীকা সহিতা।

শ্রীগোকুলচন্দ্র গোসামিনা অহ্বাদিতা।

পরিশোধিতা প্রকাশিতা চ।



কলিকাতা,—৬৬ নং বীডন্ ধ্রীট।

বীডন্ যন্ত্ৰে

শ্রীহরচন্দ্র দাস দারা মুদ্রিতা।

मन ३२৮८।

# বিজ্ঞাপন!

"প্রাময় /রত্নাবলী," মহান্ত্তব জীবলদেব বিদ্যাভ্ষণ মহাশয় কর্তৃক গ্রহিত দাভ্ষণ মহাশয়, বেদান্ত হতের গোবিন্দ ভাষ্য প্রণয়নানস্তর, ভাষ্যে যে সুকল প্রমেয় নিণীত হইয়াছে, সেই সকল প্রমেয় রত্নই ইহাতেও স্নিবেশিত করিয়াছেন। "প্রমেয়-রত্নাবলী" অতি ক্ষুদ্রাকার হইলেও দার ও গৌরবাদি সদ্ভণ পরিপূরিত। ইহার সদ্ভণের পরিচর অধিক কি বলিব। যে এক একটি প্রমেষরত্ন সঞ্চয় করিতে হইলে, অত্যন্ত ছ্রুহ সেই ভাষ্য-রত্নাকরের গভীর অভ্যন্তর প্রবেশ ব্যতিরেকে, কোন মতেই আর প্রাপ্ত হইবার সম্ভব নাই! এমন কি বহু আয়াস পূর্বাক ঐ রত্নাকরাভান্তরে প্রবিষ্ট হইয়াও, সকল গুলি একেবারেই যে লাভ করিতে সক্ষম হওয়া যায়, তাহাও অনিশ্চিত। এই "প্রমেয়রদ্রাবলীতে" সেই প্রমেয় রত্ন গুলি একত্রে সন্নিবেশিত থাকার, সকলে অনায়াসেই স্কুদ্গত করিতে সক্ষম হয়েন। কিন্তু সম্প্রতি ইহাও সংস্কৃত ভাষানিবন্ধন, সর্ব্বসাধারণের অস্কুবোধ, ও মুদ্রাঙ্কন-বিরহে অস্থলভ থাকায়, আমি অনুবাদ পূর্বাক মুদ্রান্ধিত করিলাম। অনুবাদ-বিষয়ে কেবল মূল অবলয়নে সম্পূৰ্ণ প্ৰাক্ষুট অৰ্থ হওয়ার অসম্ভব বিলায়, টীকার অনুযারিক অমুবাদ করা হইয়াছে। এবং যে সকল ঐতির, মত বিরোধ ঘটিবার সম্ভব না থাকায়, টীকাতে সম্পূর্ণ ব্যাথ্যা করেন নাই। সেই সকল ঞতির শ্রীমংশঙ্করাচার্যোর ভাষা দৃষ্টে অনুবাদ করা হইয়াছে। ইহার অনু-বাদে প্রবৃত্ত হইয়া, আমি কতদূর কৃতকার্য্য হইয়াছি বলিতে পারি না। কারণ এতাদৃশ দর্শনরূপ গ্রন্থের অনুবাদ কতদূর ছ্রহ, বোধ হয় স্থবিজ্ঞ মাত্রেই অবগত আছেন। তবে কেবল, যত দূব হয় সর্ব্ব সাধারণের হৃদয়ঙ্গম করিবার, অভিলামে এতাদৃশ হুরুহ কার্য্যে প্রবৃত্ত হইয়াছি। এক্ষণে সাধারণে গ্রহণ করিলে আমি শ্রম সফল জ্ঞান করিব, কিমধিক মিতি।

সাং কলিকাতা, সভাবাজার।
নন্দরাম সেনের গলি।
সন ১২৮৪°।

শ্রীগোকুলচন্দ্র গোস্বামিনঃ।



#### প্রথম প্রমেয়।

শ্রীশ্রীগোরাঙ্গদেবোজয়তি॥

জয়তি শ্রীগোবিন্দে। গোপীনাথঃ দ মদনগোপালঃ। বক্ষ্যামি যদ্য রূপয়া প্রমেয়রত্লাবলীং দূক্ষাং॥ ১॥

গৌড়োদয়মুপাযাতশ্রমঃ সমস্তং নিহন্তি যো যুগপং। জ্যোতিশ্চরো
ইতিশীতঃ পীতস্তমুপান্মহে কৃতাঞ্জলয়ঃ ॥ বিদ্যাভূরণাপরনামাবলদেবেন
শ্রীগোরিন্দকান্তিনাব্রদাহতের গাবিন্দভাষ্যাভিধানং ব্যাখ্যানং বিরচিতং ॥ অথকৈশ্চিচ্ছিইয়ভাষ্য প্রেমেযাণি পরিপুট্টঃ স তানি সংক্ষেপাদ্ বক্ষানির্বিপ্রাইয়তংপুর্ত্তয়ে মঙ্গলমাচরতি জয়তীতি ॥ কীদৃশঃ
শ্রীগোবিন্দঃ ইতাাহ গোপীনাথো বল্লবীকান্তঃ, মদয়তি মনাংসি ভক্তানামিতি মদনঃ, গাঃপালয়তীতি গোপালঃ, ততঃ কর্মধারয়ঃ। ক্ষুটার্থনমন্থ। প্রেষেণ রন্দাট্রী মধিষ্টিতানাং শ্রীগোবিন্দাদি সংজ্ঞানাং নিথিলা
চৈতনাতক্রাভীফানাং ত্রয়াণাস্ক্রাবতারাণাং জয়শেংসনং। উভয়তঃ
প্রণতিলক্ষণসন্ধনং কৃতং জয়তিনা তস্যাক্ষেপাং ॥ ১ ॥

মহাত্মভববলদেব বিদ্যাভূষণ মহাশয় প্রক্ষানূত্রের গোবিন্দ্রভাষ্য নামক ব্যাখ্যান রচনানস্তর, কতিপয় শিষ্য কর্তৃক, গোবিন্দভাষ্যে কর্নটি প্রমেয় প্রদর্শিত হইয়াছে, ইহা পৃষ্ট হওতঃ, অতি সংক্ষেপে সকলের বোধসোকর্যার্থে সেই সমস্ত প্রমেয় নির্ণয় করিবেন বলিয়া নির্বিল্লে পরিসমাপ্তি নিমিত্ত প্রথমতঃ মঙ্গলাচরণ করিতেছেন।

ভক্ত্যাভাদেনাপিতোষং দধানে ধর্মাধ্যক্ষে বিশ্বনিস্তারিনালি। নিত্যানন্দাধৈত চৈতন্য রূপে তত্ত্বে তত্ত্বি-নিত্যমাস্তাং রতিন ঃ॥২॥ আনন্দভীর্থ নামা স্থানম ধামা যতি জীয়াং।
সংসারাপ্র তর্নাণং যমিহ জনাঃ কীর্নুয়াতি বুধাঃ॥৩॥

পুনরপি তত্র রতি প্রার্থনং মন্থলনাহতক্তোতি। তত্ত্বে পরমান্থানি কৃষ্ণে, 'ভত্তং বাক্যপ্রতেবেলাং স্বরূপে পরমান্থানীতিবিশ্বঃ। কীদৃশীতাহৈ ভক্তণভাবেনাপীতি যথা পুলোদেশেন নামোচ্চারয়ত্তাজানিলে তুটি দৃষ্টা, বর্মানাব্যক্ষে প্রবর্ত্তকে, নিতামানন্দোয়ল্য ভরিতাংনাল্য নান্তিবৈতং দেহদেহিভেদোয়ল্য তদহৈতং চ হৈতন্যং বিজ্ঞানন্দ্র নান্তিবৈতং দেহদেহিভেদোয়ল্য তদহৈতং চ হৈতন্যং বিজ্ঞান-ক্ষেতিকর্ম্মারয়ং, তদ্ধপেতদাল্লকে। পক্ষে, কলাবন্মিন্ প্রীকৃষ্ণঃ সংকর্মণেন শাসুনাচ্সহিতোজনাত্বর্জ্তু ম্বততার। তত্র প্রীকৃষ্ণলা হৈতত্য ইতি সংকর্মণার্যান্ধান্দ্রাভ্রে ম্বততার। তত্র প্রীকৃষ্ণলা হৈতত্য ইতি সংকর্মণার্যান্দ্রাভ্রে শ্বেতার। তত্র প্রীকৃষ্ণলা হৈতত্য ইতি সংকর্মণার সিতানন্দ ইতি শাস্থাই হৈত হাতি নামাতৃৎ, তদ্মিন্ ত্রিরূপে তত্ত্বেনো রতির্মিত্য সাজাং। অন্যৎ প্রাগ্বৎ প্রমান্থ স্ব্রাকর প্রস্থাদ্রাহ্ণ ॥ ২ ॥ অয় পূর্ব্বাচার্য্য প্রবাহ্ন টি, তর্নিং নোকাং ॥ ৩ ॥

ভক্তগণের মনোমদনকারী গোকুলপালক বল্লবীজনবল্লভ সেই শ্রীমান্গোবিন্দ জয়যুক্ত হউন। যাঁর রূপাবলে আমি সৃক্ষা প্রমেয়রত্বাবলী বিস্তার করিব॥ ১॥ •

পুনর্কার ঐক্রিফে রতি প্রার্থনরূপ মঙ্গলাচরণ করিতেছেন। যিনি ভক্ত্যাভাদেও জীবের প্রতি আনন্দিত, ও ঘাঁহার নাম উক্তারণমাত্রে অথিল বিশ্ব নিস্তার প্রাপ্ত হয়, ও যিনি ধর্ম-প্রবর্ত্তক। সেই নিত্যানন্দ অদ্বৈত চৈত্রন্যরূপ তত্ত্বে আমা-দিগের রতি নিত্যই প্রবর্দ্ধিতা হউক॥২॥ ভবতি বিচিন্ত্যা বিছ্যা নিরবকরা গুরুপরম্পরা নিত্যং। একান্তিত্বং সিধ্যতি যয়োদয়তি যেন হরিতোষঃ॥ ৪॥ যতুক্তং পদ্মপুরাণে।

স্থ্রীয় বিহীনা যে মন্ত্রান্তে বিফলা মতাঃ।
অতঃ কলো ভবিষ্যন্তি চন্থারঃ সম্প্রদায়িনঃ॥
শ্রী ব্রহ্ম রুদ্র সনকা বৈঞ্চবাঃ ক্ষিতি পাবনাঃ।
চন্থারস্তেকলো ভাব্যা হ্যুৎকলে পুরুষোত্রমাৎ॥ ইতি॥৫॥

ভাষ্য প্রমোণি যতে লক্কানি, সা গুরুপরম্পরাধ্যে ছেতাই ভবতী ত।
গুরুপরম্পরা দেশিকবংশঃ, "পরম্পরা পরীপাট্যাং সন্তানেহপিবধে কৃটিদিতিবিশ্বঃ। নিরবকরা নির্দোষা, তস্যাধ্যানেন কিংস্যাদিতাত্রাই, যয়া
পরম্পরয়া ধ্যাতয়া ধ্যান্তরেক।তিত্বং সিধাতি ইর্ন্যেকনিষ্ঠত্বং তবতি, হেনৈকাল্তিত্বেন হরিতোষ উদয়তি। "তেষাং জ্ঞানীনিত্যযুক্তএকভক্তিবিশিষ্যতে। প্রিয়োহি জ্ঞানিনোত্যর্থ মহংসচ মম প্রিয় ইত্যাদিক্য তেঃ। ৪ ।

অনন্তর পূর্বাচার্য্যের প্রণাম করিতেছেন। আনন্দতীর্থ-নামক স্থেময় ধামস্বরূপ যে যতি, তিনি জয়য়ুক্ত হউন। বুধগণেরা য়াহাকে সংসার সাগরের তরণিরূপে কীর্ত্তন করিয়া থাকেন॥ ৩॥

ভাষ্যে নির্ণীত প্রমেয় সকল, যে গুরুপরম্পর। হইতে লব্ধ হইয়াছে তাঁহাদিগের ধ্যান করা অবশ্য বিধেয়, ইহা প্রতিপন্ন করিতেছেন।

পণ্ডিতগণ নির্দোষগুরুপরম্পরা নিত্যই ধ্যান করিবেন। যে ধ্যান দ্বারা একান্ডিফ লাভ হয়, এবং ঐ একান্ডিফ হইলে ভগবান্ হরির সম্ভোষ উদয় হয়॥ ৪॥

## রামানুজং শ্রীঃস্বীচক্তে মধ্বাচার্য্যং চতুর্যুখঃ। শ্রীবিষ্ণুস্বামিনং রুদ্রো নিস্বাদিত্যং চতুঃসনঃ॥ ৬॥

প্রমেরোপদেশপথপ্রবর্ত্তকাশত্বারঃ প্রাণাভূবন্, তেভাো গৃদ্ধাপ্রবাহ-বদপরে প্রচরিতাঃ॥ তত্বপদিকৌন পথা বিনা, মত্রশাস্ত্রাত্বপলরা বিষ্ণুমন্ত্রা মুক্তিদা ন ভবন্ত তি, অত্র পাল্লবাক্যমাহ সংপ্রদায়েতি। শিক্টাতুশিকগুরপদিকৌ মার্গঃ সংপ্রদায়ঃ। শিক্টত্বং বেদপ্রামাণ্যাভূয়-পাল্ভং। অতঃসংপ্রদায় বিহীনানাং বিষ্ণুমন্থাণাং জপ্তানামপি বৈক্ষাধানেতে। কলো তদারস্তে সংপ্রদায়িনংত্তে কেইভূবন্ তত্রাহ শ্রীতি, পুরুষোভ্রমাদিতি জগন্নাথাৎ তৎ প্রেরণাত্ত ক্ষেত্রাদিত্যর্থঃ॥৫॥

আদিভূতান্তে চত্বারঃ স্বস্থসংপ্রদায়ান্ পোঢ়ান্ বীক্ষ্য স্ববংশ্যেষ্
ওদ্ধ্যাংশ্চন্তর্শতকুরিত্যাহ রামেতি। শ্রীর্লক্ষীঃ স্বসংপ্রদায় প্রবর্তনক্ষমতয়া রামামুজং স্বীচক্রে স্ফুটার্থমন্তং ॥ ৬।।

## পদাপুরাণে উক্ত হইয়াছে! যথা,

সম্প্রদার বিহীন মন্ত্রগণ বিফল হয়, অর্থাৎ তাহাদিগকে জপ করিলেও তাহারা ফল প্রদান করেন্ না।
এই হেতু কলিযুগে চারিটি সম্প্রদায় প্রবর্ত্তক হইবেন্।
আ ব্রহ্ম রুদ্র সনক, ই হারাই কলিযুগে পৃথিবীর পবিত্রতা
নিমিত্ত উৎকলে শ্রীপুরুষোত্রম ক্ষেত্রে সম্প্রদারপ্রবর্তকরপে
অবতীর্ণ হইবেন॥ ৫॥

তন্মধ্যে, লক্ষীদৈবী রামানুজকে, কম্লাসন মধ্বাচার্য্যকে, মহাদেব শ্রীবিষ্ণুস্বামিকে, এবং সনক নিম্বাদিত্যকে, সম্প্রদায়-প্রবর্ত্তন নিমিত্ত শিষাত্ত্বে স্বীকার করিয়াছিলেন ॥ ৬॥

#### তত্র স্বগুরুপরস্পরা যথা।

শ্রীকৃষ্ণ ব্রন্ধ দেবর্ষি বাদরায়ণ সংজ্ঞকান্।
শ্রীমধ্ব শ্রীপদ্মনাভ শ্রীমন্ক্রি মাধবান্॥
আশ্রেভ্যজয়তীর্থ শ্রীজ্ঞাননিদ্ধু দয়ানিধীন্।
শ্রীবিদ্যানিধি রাজেন্দ্র ভায়ধর্মান্ ক্রমাদ্বয়ং॥
প্রুষ্টোভম ব্রন্ধণ্যবাসতীর্থাংশ্চ সংস্কমঃ।
ততোলক্ষীপতিং শ্রীমন্মাধবেন্দ্রঞ্গ ভক্তিতঃ॥
তক্তিয়ান্ শ্রীধরাদৈতনিত্যানন্দান্ জগদ্গুরুন্।
দেবমীশ্রশিষ্যং শ্রীচৈতন্যঞ্গ ভ্জামহে।
শ্রীকৃষ্ণ প্রেমদানেন যেন নিস্তারিতং জগং॥ ইতি॥

ইতি গুরু পরম্পরা॥ ৭॥

মুখাপ্রয়োজনাভাবাৎ শ্র্যাদিপরম্পরাং বিহায় স্বকীয়াং ব্রহ্মপরম্পনরামাহ কৃষ্ণেতি। ব্রন্ধান শ্রিকাদাবাত্বং শ্রিকিছপ্রসিদ্ধান হিব কিছিল। বিশ্বনিকাদাবার্থিক কিছিল। কিছিল শঙ্করের সহস্রবিদ্ধান গোষ্ঠী মধ্যক্ষে মণিকর্ণিকায়া মনশনতয়া বিচারং চক্রন্তঃ। তত্র নভাসি নীলাল্র প্রখ্যঃ সর্কৈর্দ্ ক্টো ব্যাসোমধ্বনতং স্বীচকার শঙ্করমতং স্বতাক্ষীদিতি প্রসিদ্ধান তি চিহ্ন মাধ্বেক্সসা শিষ্ণান্ প্রির্বাহার্য বিভাগে নিত্যানন্দান্। দেবমিতি মাধ্বেক্সসা সম্বরঃ, সম্বর্মা শ্রীকৃষ্ণ হৈত্য ইতি। ইপ্রেক্তর্মাণাং প্রভূণাং হংকারিদানী নিতান স্বর্মা ক্রিকার স্বস্থা স্বস্থান্ত ক্রপরম্পরা সর্কৈর্ক্রোদ্ধরা ইতি দর্শিতং। যেনেতি শ্রীকৈতন্তেন ।। ৭।।

সামান্ততঃ সম্প্রদায় প্রবৃত্তি কথনানন্তর প্রস্তুত স্বীয়-গুরু পরম্পরা কহিতেছেন। যথা।

#### প্রমেয় রত্মাবলী।

### व्यथ अध्यक्षान्य मिनारसः।

শ্রীমধ্বংপ্রাহ বিষ্ণুং পরতম মথিলানায়বেদ্যঞ্চ বিশ্বং
সত্যং ভেদঞ্চ জীবান্হরিচরণজুষ স্তারতম্যঞ্চ তেষাং।
মোক্ষং বিষ্ণু জ্মিলাভং তদমল ভজনং তদ্য উত্তুং
প্রমাণং প্রত্যক্ষাদিত্রয়ঞ্জ্যুপদিশতি হরিঃ কৃষ্ণতৈতন্যচন্দ্রঃ॥৮॥

এবং স্বগুরু পরম্পরামাখার তৎপ্রমেয়াণি তাবছুদ্দিশতি শ্রীমধ্ব ইতি। মধোমুনির স্থংপূর্বালার্যো বিষ্ণুং পরতম মথিলাদ্রায় বেদ্যঞ্চাই। তদ্য সর্ববিধীবাভিন্নতাং চিন্মাত্রাদ্বিতীয়ত্যা দ্বায়লক্যতাঞ্চ নির্মাতি বিশ্বং ভেদঞ্চ সত্যমাই। আবিদ্যকত্বাৎ প্রপঞ্চ স্তদ্দেশ্চ মৃষেতি পরোৎ-প্রেক্ষিতং কুমতং নিরাকরোতি ইত থঃ। জীবান বদ্ধ—মুক্তান নিত্য-মুক্তান্ সর্বান্ হরিসরণজুষো হরেদাশানাই তেষাং হর্যাত্মকত্বং নিরা-

ভগবান্ শ্রীকৃঞ্জ, তংশিষ্য কমলাদন, তংশিষ্য দেবর্ষি
নারদ, তংশিষ্য বেদবিদ্বরেণ্য বাদরায়ণ, তংশিষ্য শ্রীমন্দ্ররি, তংশিষ্য শ্রীমান্মাধ্ব, তংশিষ্য অক্ষোভ্য, তংশিষ্য জয়তীর্থ,
তংশিষ্য শ্রীজানিদিন্ধু, তংশিষ্য দয়ানিধি, তংশিষ্য জয়তীর্থ,
তংশিষ্য শ্রীজ্ঞানিদিন্ধু, তংশিষ্য দয়ানিধি, তংশিষ্য রাজেন্দ্র,
তংশিষ্য জয়ধর্ম, তংশিষ্য প্রুষোত্তম, তংশিষ্য ব্রহ্মণ্য,
তংশিষ্য বাদতীর্থ, তংশিষ্য লক্ষ্মীপতি, তংশিষ্য শ্রহ্মণ্য,
তংশিষ্য বাদতীর্থ, তংশিষ্য লক্ষ্মীপতি, তংশিষ্য শ্রহ্মাধ্বনেন্দ্র, তাঁহার শিষ্য শ্রীশ্বরাচার্য্য অবৈতাচার্য্য, এবং নিত্যান্দ্রদ, এই তিন জন জগদ্গুরু। ইঁহাদিগের সকলের চরণে
আমরা ভক্তিপূর্বক অভিবাদন করি। এবং শ্রীশ্বরাচার্য্যের
শিষ্য শ্রীচৈতন্যদেব, যিনি শ্রীকৃঞ্ব প্রেমদান দ্বারা অথিল জগৎ
নিস্তার করিয়াছেন, তাঁহার চরণ ভজনা করি॥ ৭॥

স্বরাতি তেবাং জীবানাং তারতমাং স্বরূপ সাম্যে সত্যপি সাধনোজ্ঞানি স্থিতিঃ কলৈঃ বৈষম্যাহ। ত্রিদণ্ডি প্রতিপাদিতং কলতোহপি সাম্যং নিরাকরোতি জীবানাং বিষ্ণুজ্ঞিলাভং বিষ্ণুসাক্ষাংকারং মোক্ষ মাছ পরাভিমক্ত্র তেবাং বিষ্ণুরূপাতাং নিরাকরোতি তম্য বিষ্ণোরমলং নিষ্কামং যদ্ভজনং তংতম্য মোক্ষ্যা ছেতুমাহ ব্রহ্মাহ্যম্ম তি জ্ঞান্য্য মোক্ষ হেতুতাং নিরাকরোতি প্রতাক্ষাদীনি ত্রীণি স্বমতে প্রমাণান্যাছ তেভাোহধিকাম্যুপ্রাদীনি নিরাকরোতি ইত্যেতান্থের মধ্যুনি স্বীকৃতানি নব প্রমেয়াণি শ্রীকৃষ্ণ হৈতন্য হরি স্তদব্য গৃহীত দীক্ষ্য স্থানিয়ামুপদিশতি। উভরত্ত লট্প্রয়োগস্তরোঃ সত্বাং "জগং প্রাণোনায় র্দেবোবিষ্ণোরেকান্তীতি কেনোপনিষদি প্রাসদ্ধং। যো হনুমান্সন্ শ্রীরাঘবেন্দ্রং ভীমঃ সন্ শ্রীবাদবেন্দ্রং মধ্য সন্ পারাশ্র্যাং শ্রীকৃষ্ণহৈতন্য ঈশ্বর স্তথাপি তম্বতং সর্কোত্রমং বীক্ষ্যান্যান্য দেব্যা দিকিং বীক্ষ্যান্যান্য লোক সংগ্রহেচ্ছুঃ। যত্র বিশুদ্ধং বৈতং হরেরামু মূর্ত্তিত্বাদিতি চ বর্গাতে ॥ ৮॥

এইরপে গুরুপরম্পরা নির্ণয়ানন্তর স্বীয় পূর্ব্বাচার্য্য-প্রদর্শিত প্রমেয় সকল দর্শাইয়া কহিতেছেন।

শ্রীকৃষ্ণ চৈতন্য সাক্ষাৎ ভগবান্ হইয়া ও লোক সংগ্রহ
নিমিত্ত, শ্রীমন্মধাচার্য্য প্রণীত মতই সর্কোত্রম বিবেচনায়
স্বীকার করতঃ উপদেশ দিতেছেন। আমাদিগের পূর্কাচার্য্য
শ্রীমধ্ব মুনি কহেন। একমাত্র বিষ্ণুই পরত্রম বস্তু, এবং
কেদ বেদ্য, এবং এই বিশ্ব ও তদ্গত ভেদ সূত্র। এবং
বন্ধমূক্ত ও নিত্য মুক্ত এই উভয়বিধ জীবমাত্রেই ভগবান্
হরির দাদ। এবং যদ্যপিও তাহাদের ভেদ নাই, তথাপি
সাধন জনিত ফল কিশেষ হেতুক, তার্তম্য অবশ্যই স্বীকার্য্য।
এবং ভগবান্ বিষ্ণুর চরণ লাভই পরম মোক্ষ, ও কামনা শ্ন্য

>

তত্র শ্রীবিঞ্চাঃ প্রতমন্ত:। যথা শ্রীগোপালোপনিষদি।
তত্মাৎ কৃষ্ণ এব পরোদেবস্তং ধ্যায়েৎতং রদেৎতং
ভজেৎতং যজেৎ॥ ইতি॥
শ্বেতাশ্বতরোপনিষদি চ।
জ্ঞান্বাদেবং সর্বপাশাপহানিঃ ক্ষীণেঃ ক্রেশৈ র্জন্ময়ত্যুপ্রহাণিঃ। তস্যাভিধ্যানাৎ তৃতীয়ং দেহভেদেবিশ্বৈশ্বর্যাং কেবলমাপ্ত কামঃ॥ ইতি॥
এতদ্ জ্ঞেয়ং নিত্যমেবাল্পসংস্থং নাতঃ পরং বেদিতব্যং
হি কিঞ্ছিৎ॥ ইতিচ॥
শ্রীগাতাস্ত্রচ॥
মতঃ পরতরং নাত্যং কিঞ্চিদন্তি ধনঞ্জয়॥ ইতি॥ ৯॥

এবমুদ্দিন্টানি প্রমেয়াণি ক্রমাৎ সপ্রমাণানি কর্তুং প্রবর্ত্ত তত্র
ক্রিরেয়ারিতাদিভিঃ। পরতমত্বং শ্রেষ্ঠতমত্বং। তথাদিতি পূর্ব্বাক্তাদর্থ প্রচয়াদ্ধেতাঃ তথমস্বত্রাচ্যতয়া দ্বেয়াদরং ধারেং দ্বরেং, রমেৎ তাঁহার চরণ ভজনই একমাত্র মোন্ফের হেতু। এবং প্রত্যক্ষাদি তিনটি মাত্রই প্রমাণ।। অর্থাৎ ঈশ্বরের সর্ব্বজীব সহিত অভিয়তা, ও চিমাত্রা বিতীয়তা হেতুক বেদ লক্ষ্যতা, এবং অবিদ্যাকার্য্যতা হেতুক প্রপঞ্চ ও তাহার ভেদ মিথ্যা, এবং জীবের ভগবৎ স্বরূপত্ব, এবং ত্রিদণ্ডি প্রতিপাদিত জীবের পরস্পর ফলগত সাম্য, এবং নােক্ষাবস্থায় জীবের বিফু রূপত্ব, এবং জ্ঞানই এক মাত্র মোক্ষের হেতু। এবং প্রত্যক্ষ অনুমানশব্দ এই তিন প্রমাণ হইতে অতিরিক্ত উপমান প্রভৃতি প্রমাণ স্থীকার্য্য ইত্যাদি পরমত থণ্ডন পূর্ব্বক, স্বমতে নয়টি প্রমেয় নির্ণয় করিয়াছেন॥৮॥

জপেৎ, ভজেৎ পরিচরেৎ, যজেৎ অর্চয়েৎ ॥ জ্ঞাত্তেতি । শাস্ত্রাৎ সদ্গুরুক্তাৎ, দেবংপরেশং জ্ঞাত্বাবিছিত্ত মুমুক্ষোঃ সর্বেষাং দেহদৈহিকমমতাপাশানাং হানি-র্ভবিত। তৎপাশজলৈঃ ক্রেশেঃ ক্ষানৈবিশিষ্টস্য তস্যা প্রারদ্ধ ভোগ পূর্ব্তেঃ পূনঃ-প্রজারমানস্য জন্মসূত্যপ্রহাণি ভবিত। বিড়ালীদস্তস্পর্শেন তদর্ভকস্যের জন্মানিনা ছংখি তিস্যা ন ভবতীতার্থঃ। অথোত্তরোত্তরং তস্য দেবস্যাভিধ্যানাৎ দেহস্য লিঙ্গণবীরস্য ভেদে বিনাশে সতি চাক্রাক্ষাপেক্ষয় তৃতীয়ং ভাগবতং পদং স দেবধ্যায়ী লভতে বিমুক্তো ভবতি ইত্যর্থঃ। কীদৃশং তৃতীয়ং তদিত্যাহ, বিশৈষ্ব্যং ক্রম্ববিভূতিকং, কেবলং প্রকৃত্যস্পৃষ্টং, ততঃ স দেবধ্যায়ী আপ্রকামঃ পূর্ণভিলাসো ভবতি। এতদ্বৈবাস্থকং বস্তু জ্ঞেয়ং, অতঃ পর মন্যদ্বেদিতবাং কিঞ্চিনান্তি তদ্যৈব পারতম্যাৎ॥ মত্ত্রহিত। পরতরং মত্তোহন্তং কিঞ্চিনান্তীতি মানেব সর্ব্বোত্তমং বিদ্ধীতার্থঃ। পরমেব পরতরং স্বর্থে প্রত্যয়ং তর্॥ ৯॥

প্রথমতঃ সামান্যাকারে নয়টি প্রমেয় প্রদর্শিত করিয়া ক্রমশঃ প্রমাণ সহকারে নির্ণয় করিতেছেন। তন্মধ্যে, "ভগবান্ বিফুই পরতম বস্তু ইহা প্রতিপন্ধ করিতেছেন। যথা। গোপাল উপনিষদে। "কৃষ্ণই একমাত্র পরম দেব, অতএব ভাঁহার চিন্তন করিবে, তাঁহারই জপ করিবে, এবং তাঁহারই প্রেম পূর্বক আরাধনা করিবে"। শেতাশ্বতরউপনিষদেও কহিয়াছেন। যথা, "যিনি সদ্গুরুর নিকটে পরমেশ্বর তত্ত্ব অবগত হইয়াছেন, তাহার দেহ দৈহিক মমতাদিপাশহানি, ও মমতাদি পাশহানি হইলে, সেই পাশজন্ম রেশ সকল সমূলে ক্ষীণ হয়, অতঃপর জন্ম মৃত্যুর ও হানি হয়। (অর্থাৎ পুনঃ পুনঃ জন্ম মৃত্যু রূপ ঘোর সংসার সাগর হইতে অনায়াসে উত্তীর্ণ হয়) অনন্তর উত্তরোতর ভগবানের অভিধান দ্বারা লিক্স শরীরেয় একেবারে নাশ হইলে, শুদ্ধসন্থময় অপ্রাক্ত ভাগবত পদ প্রাপ্ত হওতঃ পূর্ণাভিলাস হয়েন। অতএব

হেতুত্বা দ্বিভূ চৈতন্যা নন্দ্রাদিগুণাশ্রয়াং।
নিত্যলক্ষ্মাদি মন্বাচ্চ কৃষ্ণঃ পরতমো মতঃ॥ ১০॥
তত্র সর্বহেতুত্বং, যথাহুঃ শ্বেতাশ্বতরাঃ।
একঃ স দেবে। ভগবান্ বরেণ্যো যোনিস্বভাবাম্পিতিষ্ঠত্যেকঃ॥ ইতি॥

থৈ হেঁতুভি বিজ্ঞাঃ পারতমাং তানাহ হেতুত্বাদিতি। হেতুত্বং প্রপঞ্চনিমিত্তোপাদানত্বং। তত্র পরাধাশক্তিমত্বেন নিমিত্তত্বং, প্রধান ক্ষেত্রজ্ঞ শক্তি-ক্ষত্বেন তুপাদানত্বং বোধাং, ক্ষুটার্থমনাৎ॥ ১০॥

এক ইতি। সদেবো ভগবান্ একঃ সর্বোত্তমঃ, অতো বরেণাঃ পূজাঃ, যোনীনাং প্রধানমহদাদীনাং কারণ তন্তানাং স্বভাবান্ স্বরূপাণি একঃ সহায়রহিতঃ পরাখ্যশক্তিবেশোহ ধিভিষ্ঠতি বশে সংস্থাপয়তি। "একে সুখ্যান্য কেবলা' ইতামরঃ। "যোনিঃ স্যাদাক্রেভগে ইতিবিশ্বঃ। "যোনিঃ কারণে

এক মাত্র এই পদ্নম বস্তুই জ্যের, ইহা হইতে অতিরিক্ত আর কিছুই বেদিতব্যনাই "॥ ইতি॥

এবং শ্রীভগবদ্গাতাতেও উক্ত আছে। যথা, "হে ধনঞ্জয়! আমা হইতে পরতম বস্তু আর কিছুই নাই"॥৯॥

অনন্তর যে সকল হেতু দারা ভগবান্ শ্রীকৃষ্ণই পরতম বস্তু, সেই সকল হেতু বিন্যাস পূর্বক কহিতেন। পরাখ্য-শক্তি দারা যিনি নিমিত, ও প্রধান ও ক্ষেত্রজ্ঞ শক্তি দারা উপাদান কারুগ, এবং যিনি বিভূপদার্থ, ও চৈতন্যানন্দমাদি গুণগণের আশ্রেম, এবং নিত্য লক্ষ্যাদি বিশিষ্ট। সেই ভগবান্ শ্রীকৃষ্ণই পরতম বস্তু অভিনত ॥ ১০ ॥

তশ্মধ্যে ভগবানের সর্বহেত্তা, প্রনাণ প্রদর্শন পূর্বক কহিতেছেন। যথা খেতাশ্বতরোপনিষদে, " সর্বোত্তম এক- যক্ত স্বভাবং পচতি বিশ্বযোনিঃ
পাচ্যাংশ্চ সর্বান্ পরিণাময়েদ্যঃ ॥ ইতিচ ॥
বিভুচৈতন্যানন্দত্বং, যথা কাঠকে ।
মঞ্জেং বিভুমাত্মানং মত্বা ধীরো ন শোচতি ॥ ইতি ॥

ভগ ভারমোরিতি হেমশ্চ।'' স্বরূপঞ্চ স্বভাবশ্চ ইত্যমরঃ। যদা একস্তেভ্যো-হন্যস্তদম্পৃষ্ট ইত্যর্থঃ॥ বচ্চেতি। যো দেবঃ স্বভাবং তেষাং প্রধানাদীনাং স্বরূপাণি পচতি মহদাদি কার্য্যাবির্ভাবকতয়া আভিমুখ্যং নয়তীত্যর্থঃ। পাচ্যাং-স্তদাভিমুখ্যযোগ্যান্ সর্কান্ প্রধানাদীনর্মান্ যো দেবঃ পরিণাময়েন্মহদাদ্যবস্থাং নয়েদিত্যর্থঃ। এবং পরাধ্যশক্তিবেশো যো বিশ্বনিমিতং, স্বর প্রধান ক্ষেত্রজ্ঞ

মাত্র পূজ্য সেই ভগবান্ প্রধানাদি কারণ তত্ত্বদিগকে, আপন স্বরূপ পরাখ্য শক্তিদারা, স্বরং অস্পৃষ্ট থাকিয়া, স্ববশে সংস্থাপিত করেন। এবং যিনি সেই সকল কারণ তত্ত্বদিগকে কার্য্যাবির্ভাবকতা বিষয়ে আভি মুখ্য প্রাপ্ত করান্। এবং তদাভি মুখ্য যোগ্য প্রধানাদি তত্ত্বকে যে ভগবান্ পরিণামিত অর্থাৎ মহদাদি অবস্থাপ্রাপ্ত করান্।

এই রূপে দেই ভগবান্ শ্রীকৃষ্ণ পরাখ্য শক্তি দারা বিশ্বের নিমিত্ত কারণ, এবং প্রধান ও ক্ষেত্রজ্ঞ শক্তিদারা উপাদান কারণ হয়েন, ইহা প্রতিপাদিত হইল॥

ভগবান্ শ্রীকৃষ্ণের বিভূত্ব ও চৈতন্যানন্দ্রাদি গুণা শ্রয়ত্ব কহিতেছেন। কঠোপনিষদে। যথা, "মহান্ অর্থাৎ পূজ্য এবং বিভূ যে আত্মা, তাঁহার উপাসনা করিলে পুনর্কার আর শোক ভাজন হইতে হয় না" ইতি।

যদি বল ইহা দারা কেবল বিভুত্ব প্রাপ্ত হওয়া গেল,

বিজ্ঞানস্থরূপত্ব মাত্মশব্দেন বোধ্যতে। অনেন মুক্তগম্যন্থ ব্যুৎপত্তে রিতি তদ্বিদঃ॥ ১১॥ বাজসনেয়িনশ্চাতঃ।

বিজ্ঞান মানন্দং ব্রহ্ম রাতি দাঁতঃ পরায়ণং॥ ই🗗॥

শক্তিবেশো বিশ্বযোনি জ্গত্পাদান্যিত্যথঃ। মহাতঃ পূজাং মতা জ্ঞাত্ম উপাক্স চেত্যর্থঃ। নরস্মাঘাক্যাদিভূষং প্রাপ্তং চৈতন্যানন্দরং ন প্রাপ্যতে ইতি চেত্ততাহ। বিজ্ঞানেতি, অত্যতে লভাতে মুক্তৈরয় মিত্যাত্মা, অততে: কর্মান মনিণ্। মুক্তাঃ থলু তাদৃশমেবতং ধ্যারন্তি লভতে চেতি ভাবঃ ॥ ১১ ॥

তথাত্বে বাচনিক মাহ বিজ্ঞানমিতি। দাতু র্যজমানস্য রাতিঃ ফলার্পকং তমেক-মিতিক্টার্থং ॥ নমু মূর্ত্তত্বং চিৎস্থথবস্তুনঃ কথং তত্তাহ মূর্ত্তত্বমিতি। ভৈরবাদে-রাগস্ত গান্ধর্কবাসিতে শ্রোত্রে যথা মূর্ভ্তং প্রতীতং, তথা ভক্তি ভাবিতে মনসি ভক্স তত্ত্বমিত্যর্থ:। বিজ্ঞানঘনা নন্দঘন সচ্চিদানন্দৈকরদে ভক্তি যোগে তিষ্ঠ-

চৈতন্যানন্দ্রাদি গুণাশ্রয়তা প্রাপ্ত হয় নাই। তন্নিমিত্ত কহি-তেছেন।

তত্ত্বিৎ পণ্ডিতগণ কহিয়া থাকেন। '' যিনি মুক্ত পুরুষ-গণের প্রাপ্য \*'' এই ব্যুৎপত্তি লভ্য আত্ম শব্দ দারাই ভগ-বানের বিজ্ঞান স্থথরূপত্ব স্বতঃসিদ্ধই লাভ হইয়াছে॥ ১১॥

পূর্ব্বোক্ত অর্থই পুনর্ব্বার স্পষ্ট শ্রুতি প্রমাণ প্রদর্শাইয়া দ্ট নিবদ্ধ করিতেছেন। বাজসনেয়উপনিষদে, ভগবানের সুচ্চিদানন্দ ময়স্থাদি কহিয়াছেন। যথা, "বিজ্ঞানানন্দ স্বরূপ ব্ৰশ্নই যজমান সম্বন্ধে কৰ্ম্ম ফল প্ৰদান করেন" ইতি।

<sup>\*</sup> অভ্যতে লভ্যতে মুক্তৈর্ঘ মিত্যাত্মা। মুক্ত পুরুষগণ যে আত্মাকে লাভ ক্রিয়া আরু সংসার যজ্ঞা প্রাপ্ত হন্না, সেই আলো বিজ্ঞাম সুধা স্কুপ, অবশ্যই श्रीकात कतिए बहेरन ।।

শ্রীগোপালোপনিষদিত।
ত্ত্যেকং গোবিন্দং সচ্চিদানন্দ বিগ্রহং ॥ ইতি।।
মূর্ভত্বং প্রতিপত্তব্যং চিৎস্থেই সেব রাগবং।
বিজ্ঞানঘন শব্দাদি কীর্ভনাচ্চাপি তস্য তং ॥
দেহদেহিভিদা নাস্তী ত্যেতেনৈবোপদর্শিতং ॥ ১২ ॥

তীতি গোপালোপনিষদি ব্ৰহ্মণি বিজ্ঞান ঘনাদিশক প্রযোগাচ্চ তম্পতকং।
মৃত্তোঘন ইতি স্ত্রেণ কাঠিন্তে হর্থে হস্তেরপ্রতায়ো ঘনশ্চাদেশোহমুশিষ্টঃ, সৈদ্ধব-ঘনইতি তজোদাহরণং তদিদম্চিস্তা শক্তি সিদ্ধং বোধাং। দেহদেহীতি, এতেন চিৎস্থ্যবস্তুনঃ মূর্ত্ত্বসমর্থনেন প্রেশে দেহদেহিভেদো শাস্তীতি চোক্ত-মিতার্থঃ॥ ১২॥

এবং গোপালতাপনী শ্রুতিতেও উক্ত আছে। যথা, "সচ্চিদানন্দ স্বৰূপ একমাত্র গোবিন্দকে জানিবে'' ইতি॥

এক্ষণে, যদ্যপি আশঙ্কা হয় যে, চিদানন্দরূপ বস্তুর বিগ্রহ-বন্ধাদি কিরূপে হইতে পারে ? অতএব কহিতেছেন॥

চিদানন্দস্বরূপ বস্তুর ও মূর্ত্তিমত্ব অবশ্য স্বীকার করিতে হ'ইবে। যেরূপ ভৈরবাদি রাগের মূর্ত্তিমত্ব কর্ণেন্দ্রিয়ের প্রতীত হ'ইয়া থাকে। সেইরূপ ভক্তিভাবিত মানসে চিদানন্দ বস্তুরও মূর্ত্তি স্ফুর্ত্তি প্রাপ্তহয়। এবং শ্রুতিতে "বিজ্ঞানঘন" "আনন্দঘন" ইত্যাদি ঘনশব্দ প্রয়োগবশতঃ তাঁহার বিগ্রহ্বত্ত্ব দিদ্ধ হ'ইয়াছে। অতএব চিদানন্দ বস্তুর যথন মূর্ত্তিমত্ত্ব নির্দ্ধারিত হ'ইল। তথন সেই ভগবদ্ বিগ্রহে দেহ ও দেহী ইত্যাকার ভেদ ও ইত্রাং নির্দ্ত হ'ইয়াছে। ১২।।

ষ্ত্তিস্যেব বিভূষং, যথামুণ্ডকে ॥
বৃক্ষইৰ স্তকো দিবি তিষ্ঠত্যেক স্তেনেদং পূৰ্ণং পুৰুষেণ
সৰ্ববং ॥ ইতি ॥
ছ্যুবোপি নিখিলব্যাপীত্যাখ্যানামূর্ত্তিমান্ বিভূষ্ণ।
বুপপদ্যাভূরুদ্দেয়ু সাক্ষাৎ কারাচ্চ তাদৃশঃ ॥ ১৩ ॥

নমু মূর্ত্ত বিভূতং নম্ভাৎ তত্রাহ মূর্ত্তিদ্যবৈতি। বৃক্ষ ইতি একঃ সর্বাধ্যক্ষঃ পুরুষো হরি দিরি পরব্যোমি তিষ্ঠতি, সংলুষ্মেতর সর্বানমন্তবাৎ বৃক্ষ ইব্
হন্ধঃ কঞ্চিদপি প্রতিনম্ভা নেতার্থঃ। তেনৈকেন পুরুষণ সর্বাদিং জগৎ পূর্ণং
রাপ্তং। অত্র পুরুষো দিবি তিষ্ঠতীতি মূর্ত্তং। তেনেদং পূর্ণমিতি তত্ত্যৈব বিভূঅমাগতং। মিথোহতিদ্রেষু ধ্যাভূব্দেষু সিদ্ধ প্রেমস্থ যুগপৎ তম্ম প্রত্তাক্ষরাচ্চ
তম্ম মূর্ত্ত বিভূত্তং, নচধাবন্ধ সামদধাৎ যৌগপদা বিরোধাৎ । ১০ ।

যদি বল মূর্ত্তিমান্ বস্তর বিভূত্ব কিরূপে হইতে পারে? তাহাতে কহিতেছেন। ঈশ্বর মূর্ত্তিমান্ হইয়াও বিভূ হয়েন। ইহা মুগুক উপনিষদে স্পেন্টই কহিয়াছেন্। যথা, "সর্কাধ্যক্ষ এক মাত্র সেই হরি রক্ষের ন্যায় সকলের নমস্য হইয়া পর-ব্যোমে অধিষ্ঠিত আছেন। কিন্তু সেই এক পুরুষ কর্তৃক নিখিল জগৎ ব্যাপ্ত আছে"।। ইতি। এন্থলে ভগবান্ পুরুষাকারে পরব্যোমে অধিষ্ঠিত, অথচ তৎকর্তৃক এই নিখিল জগৎব্যাপ্ত, ইহা কহাতে ভগবান্ মূর্ত্তিমান্ অথচ নিখিল জগদ্ব্যাপা, ইহাস্পান্টই প্রতীত হইতেছে।।

এবং যখন বহু বহু ভক্ত গণের প্রেম পূরিত মানদে এক-কালে আবিভূতি হইয়া পৃথক্ রূপে প্রত্যেকের সাক্ষাৎ-কৃত হইতেছেন, তখন তাঁহার তাদৃশ <u>মর্</u>টিমন্ত্র ও বিভূত্ব নিয়-তই স্বভাব দিদ্ধ ।। ১৩ ।। শীদশমেচ।
নচান্ত র্নবহি র্যস্ত নপূর্ববং নাপি চাপরং।
পূর্ববাপরং বহিশ্চান্ত র্জগতো যো জগচ্চ যং॥
তং ক্ষাত্মজ মব্যক্তং মর্ত্তালিঙ্গ মধোক্ষজং।
গোপিকোলৃখলে দাল্লা ববন্ধ প্রাকৃতং যথা॥ ইতি॥

নচান্তরিতি। যতা অন্তর্কহিরাদি দেশ পরিচ্ছেদো না স্থাতো যো জগতঃ পূর্বাদির দেশের যুগপদন্তি, যশ্চ স্বশক্ত্যা জগন্ময় ন্তমাত্মজং গোপী যশোদা সাপরাধং মত্বা উল্থলে দায়াববন্ধ। তং কীদৃশং ইত্যাহ, মত্যলিঙ্গং দিভ্জ মন্থাাক্তিং, অধোক্ষকং তাকৈ ক্রিয়ক স্থাং স্বান্তবন্ধি স্থাবন্তং ইত্যথং॥ প্রাকৃতং যথেত্যুক্তের্বিজ্ঞানঘনত্বং স্পৃষ্ঠং, বিভোবের মৃত্তিক্ষ ॥ ময়েতি। অব্যক্তমৃত্তিনা প্রত্যাধিগ্রহেণ ময়েদং সর্বাং জগংততং ব্যাপ্তং সর্বভ্তানি মৎস্থানি ময়া ধৃতানি লচাহং তের্অবস্থিতঃ তৈ ধৃতি। নাহং। তানিচ ভ্তানি কলনে জলানীব মিদ্ধন

শ্রীমদ্ভাগবতের দশমক্ষরেও উক্ত আছে। যথা, যাঁহার অন্তর বাহির ও পূর্ব্বাপরদেশ পরিচ্ছিন্নতা নাই, কিন্তু যিনি জগতের অন্তর বাহির ও পূর্ব্বাপর বর্ত্তমান। এবং বিনি নিজ শক্তি দ্বারা সমস্ত জগন্মর হইয়াছেন। সেই মনুষ্যাকার অধোক্ষজ (অর্থাৎ স্বানুবন্ধি স্থথ বিশিষ্ট) তনয়কে, শ্রীযশোদা মাতা অপরাধী বোধ করিয়া, দামদ্বারা উদ্থলেতে প্রাকৃত বালকের ন্যায় বন্ধন করিয়াছিলেন"। এন্থলে "প্রাকৃত বালকের ন্যায়" এইরূপ প্রয়োগেই তাঁহার বিজ্ঞান্থনত্ব, এবং বিভূ হইয়া ও যে তিনি মূর্ত্তিমান্ ইহাম্পষ্টই প্রতিপাদিত হইয়াছে।

এবং ভগবদ্ গীতাতে ও কহিয়াছেন। যথা, "অব্যক্ত। মূর্ত্তি আমা কর্তৃক এই জগৎ সমস্তই ব্যাপ্ত আছে, এবং আমিই শ্রীগীতাস্থচ॥
ময়া তত্তমিদং সর্ববং জগদব্যক্তমূর্তিনা।
মংস্থানি সর্ব্বস্থৃতানি নচাহং তেম্ববস্থিতঃ॥
নচ মংস্থানি ভূতানি পশ্য মে যোগমৈশ্বরং॥ ইউত ॥
অনস্ত্যা শক্তি রস্তীশে যোগশব্দেন যোচ্যতে।
বিরোধভঞ্জিকা সা স্থাদিতি তত্ত্ববিদাং মতং॥ ১৪॥

ধু তানি কিন্তু মৎসংকল্পেনৈক তানি ধৃতানি ইতি ভাবেনাহ, নচ মদিতি। নমু কথমেবং সন্তবেদিতি চেত্ততাহ পশ্যেতি। ঈশ্বরস্থ মমাসাধারণং যোগং পশোতি। যুজাতে জ্র্বটেষু কার্য্যেশনেনেতি বাংপত্তে রচিন্তা। শক্তি-র্থোগঃ ॥ ১৪ ॥

সমস্তভূতগণকে ধারণ করিয়াছি। কিন্তু আমি তাহাদের কর্তৃক ধৃত হই নাই। এই ভূতসকল আমাকর্তৃক ধৃত হইয়াছে বটে, কিন্তু যেরূপ কলসে জলগৃত থাকে সেরূপ নহে। অর্থাৎ আমার সঙ্কল্প মাত্রেই ধৃত হইয়াছে। যদি আশক্ষা কর ? ইহা কিরূপে সম্ভব হইতে পারে, তাহা করিও না। যে হৈতু আমি ঈশ্বর, ইহাই আমার যোগ মহিমা দর্শন কর"॥ ইতি॥

এক্ষণে উক্ত যোগশব্দের অর্থ করিতেছেন। তত্ত্বিৎ পণ্ডিতগণেরা, ঈশ্বরে যে অচিন্তা শক্তি আছে, তাহাকেই যোগশব্দে কহিয়া থাকেন। সেই শক্তিই বিরোধভঞ্জন কারিণী হয়েন। অর্থাৎ সেই অচিন্তা শক্তি দ্বারাই সম্ভব অস-স্ভব সমস্ত কার্য্যই নিষ্পাদিত হয়। তাঁহাতে কিছুই অসম্ভব থাকেনা॥ ১৪॥ আদিনা সর্বজ্ঞহং, যথামুগুকে।
যঃ সর্বজ্ঞঃ সর্ববিৎ ॥ ইতি ॥
আনন্দিত্বং চ, তৈতিরীয়কে।
আনশং ব্রহ্মণো বিদার বিভেতি কুতশ্চন ॥ ইতি ॥
প্রস্থুত্ব স্থল্ড জ্ঞানদত্ব মোচকত্বানি চ, শ্বেতাশ্বতরশ্রুতি ।

দর্ববেষ্য প্রভু মীশানং দর্ববেষ্য শরণং স্থন্ধৎ ॥ ইতি॥ প্রজ্ঞাচ তম্মাৎ প্রস্তা পুরাণী॥ ইতি॥

বিভুটিতন্যানন্ত্রাণীত ্রাণিপদগ্রাহ্মাহ, আদিনেতি। দর্কংজানাতীতি সর্ক্জিঃ, সর্কং বিন্দতীতি সর্ক্রিং। আনন্দ্মিতি। ব্রহ্মণো ধর্মভূত-মানন্দং বিহান কুতশ্চন কালকর্মাদে নবিভেতি ধর্মবেদী বিমৃচ্যতে ইত্যর্থঃ। সর্ক্রোতি। প্রভুষং প্রভাবশালিষং, ঈশানমং নিরস্তৃষং, সৌহার্দ্যং নির্মিত্ত-হিতকারিষং। প্রজাচেতি। তুমাত্রপাসিতাদীশাৎ জীবানাং পুরাণী স্না-

পূর্বের উক্তহইয়াছে যে, "চৈতন্যানন্দন্নাদিগুণাপ্রায়তা-হেতুক কৃষ্ণই পরতম বস্তু।" এস্থলে আদি শব্দ দ্বারা লব্ধ হইয়াছিল যে সব্বর্জ্জন্ব, তাহাই দেখাইতেছেন। মুণ্ডকোপ-নিষদে। যথা, "যিনি সর্ব্বজ্জ, এবং যাঁহার সকলি লব্ধই আছে॥ ইতি॥

অনন্তর তৈত্তিরীয়ক শ্রুতি প্রমাণ প্রদর্শন পূর্বক তাঁহার আনন্দ্বিশিষ্টতা দেখাইতেছেন। যথা, "ব্রহ্মের ধর্মভূত যে আনন্দ, তাহাকে জানিতে পারিলে, কুত্রাপি কাল কর্মাদি হইতে আর ভয় থাকেনা, অর্থাৎ মুক্ত হয়॥

তদনন্তর ভগবানের প্রভূষ সোহার্দ্য ও জ্ঞানপ্রদম্ব এবং মোচকত্ব প্রভৃতি ধর্মা ক্রমশঃ দেখাইতেছেন। শ্বেতাশ্বতর সংসারবন্ধস্থিতিমোক্ষহেজুঃ ॥ ইতিচ ॥
মাধুর্য্যঞ্চ, শ্রীগোপালোপনিষদি।
সৎপুগুরীকনয়নং মেঘাভং বৈহ্যতাম্বরং।
দ্বিভুজং মৌনমুদ্রাত্যং বনমালিন মীশুরং ॥ ইতি । ১৫॥

তনী প্রজাধর্মভূতা স্থিৎ প্রস্তা ভবতি প্রকটিভবতীতার্থঃ। মাধুর্যঞ্জি ।
মনুষ্যভাবেনৈব পার মৈধ্ব্যসাধ্যকার্যকারিজং তদিতার্থঃ। যথা স্তন্ত্যণেন
পূতনাপ্রাণহবণং, কোমলাজিনুহত্যাতিকঠোর শকটভঙ্গঃ, সপ্তাদিকগা মূর্ত্যা
গিরিরাজ্য ধারণ মিত্যাদি। মনুষ্যভাব মুদাহবতি সংপুণ্ডবীকেতি ॥ ১৫॥

প্রাতিতে। যথা, "যিনি সকলের প্রভুও নিয়ন্তা, এবং রক্ষক, ও একমাত্র অহৈতুক হিতকারী স্কৃৎ"॥ ইতি॥

এবং "যে ঈশ্বরের উপাদনা করিলে, তাঁহার নিজ-ধর্মাস্থৃতা দনাতনী প্রজ্ঞা, জীবেতে প্রস্তা হয়েন"। অর্থাৎ জীবেতে আবির্ভা হয়েন॥ ইতি॥

এবং, ''যিনি সংসার বন্ধন হইতে মোচন করিবার একমাত্র হেতু' ॥ ইতি॥

অনন্তর ভগবানের মাধুর্য্য, (অর্থাৎ মনুষ্যভাব দ্বারা পার-মৈশুর্য্য সাধ্য কার্য্যকারিতা, যেমন স্তন চৃষণ দ্বারা পৃতনা-প্রাণ হরণ, অতি কোমল পদ প্রহারে কঠিনতর শকটভঙ্গ, সপ্তমবর্ষ বয়সে এক হস্তে গোবর্দ্ধন পর্বতধারণ, ইত্যাদি) সেই মনুষ্যভাব দেখাইতেছেন। যথা, "যাঁহার নয়ন যুগল, বিকশিত পুগুরীকতুল্য মনোহর, ও নবীন নীল নীরদ সম-কান্তি, বিত্যুৎ সমান উদ্ধল পীতাম্বর পরিধান, এবং বনমালা বিরাজিত গল দেশ, ও মৌনমুদ্রাযুক্ত, তুই হস্ত বিশিষ্ট, মনুষ্যাকার, সেই ভগবান্কে ধ্যান করিবে॥ ইতি॥ ১৫॥ ন ভিত্রা ধর্দ্মিণো ধর্মা ভেদভানং বিশেষতঃ। যত্মাৎ কালঃ সর্ব্বদাস্তীত্যাদিধী বিভুষামপি॥ ১৬॥

নসু বিদ্যুত্বাদয়ো ধর্মা হবে র্ভিয়া ন বা ? নাদ্যঃ। এবং ধর্মান্ পৃথক্ পশ্যংন্তানেবাসুবিধাবতি ইতি তদ্তেদনিষেপক শ্রুতি ব্যাকোপাং। নান্তাঃ। প্রত্যাথোদ্য নৈপ্রণাপতেরিতি চেত্তত্ব সমাধিঃ র্ম ভিয়াইতি। ভেদাভাবেইপি বিশেষাদ্রেদ কার্য্য মন্তি ইতি ন নৈপ্রণাপতিঃ। বিশেষ শ্চ ভেদপ্রতিনিধি ন ভেদঃ।
নবেবং কুত্রদৃষ্টং তত্রাহ। যক্ষাৎ কালইতি। আদিনাসন্তাসতী ত্যাদিসংগ্রহঃ।
আত্র কালস্য কালা শ্রেষ্তং, সন্তায়াশ্চ সন্থাশ্রম্বং, ভেদাভাবেপি যথা প্রতীন্
রতে তথা প্রক্রেইপীত্যর্থঃ। আত্রাধিকংতু সুস্ক্রাং গোবিন্দভাষ্যাদধিগন্তব্যং॥১৬॥

এক্ষণে, বিভু চৈতন্যানন্দ হাদি যে সকল ধর্মা ঈশ্বরের, উক্ত হইল, উহা ঈশুরহইতে পৃথক্ কিনা ? উহা পৃথক্ নহে এই অভিপ্রায়ে কহিতেছেন।

ধর্মপদার্থ ধর্মিপদার্থ হইতে বিভিন্ন নহে। কিন্তু ভেদ না থাকিলে ও বিশেষ হেতুবশত ভেদভানমাত্র। যেমন "কাল সর্বদা আছে" ইত্যাদি অভেদে ও ভেদবৃদ্ধি বিদ্ধদ্ গণের ও দেখিতে পাওয়া যায়। অর্থাৎ যেরূপ "কাল সর্বদা আছে" এই প্রয়োগে, কাল সকল কালেই আছে এই অর্থ লাভ হওয়ায়, এখানে কালের আধারতা, ও কালেরই আধেয়তা, স্পান্টই প্রতীত হইভেছে। স্পুতরাং কাল এক পদার্থ হইলেও ভেদভানমাত্র বিশেষ বোধক। সেই রূপ ঈশ্বরের বিভুয়াদি ধর্ম সকল ভাঁহা হইতে ভিন্ন নহে, ভেদভান মাত্র বিশেষ বোধের হেতু॥ ১৬॥ এবমুক্তং, নারদপঞ্চরাত্রে।
নির্দোষপূর্ণগুণবিগ্রহ আত্মতন্ত্রো নিশ্চেতনাত্মকশরীরগুণৈশ্চ হীনঃ। আনন্দমাত্রকরপাদমুখোদরাদিঃ দর্বত্র
চ স্বগতভেদ্ববিবর্জিতাত্মা॥ ইতি॥ ১৭॥
অথ নিত্যলক্ষীকত্বং, যথা বিষ্ণুপুরাণে।
নিত্যৈব দা জগমাতা বিষ্ণোঃ শ্রীরনপায়িনী।

নির্দোষেতি। মুগ্ধবাদিদোষশূন্যঃ সার্বজ্ঞাদিগুণপূর্ণো বিগ্রহো যদ্য স ভগবান্ বিষ্ণুঃ, কিং মায়িনা মিব বিশুদ্ধ সন্তাত্মকস্তম্য বিগ্রহ স্তত্রাহ, নিশ্চে-তনাত্মকেতি। চিদ্বিগ্রহো বিশেষাচিদ্গুণকতয়া প্রতীত ইত্যর্থঃ। কিং সাংখ্যানামিব চিদেকধান্ত স্তত্রাই অনেদমাত্রেতি। চিদানন্দবিগ্রহ ইত্যর্থঃ। কিং বিষক্দেনাত্মায়িনা মিব দেহদেহিভেদবান্ তত্রাহ সর্ব্ব-ত্রেতি। দেহদেহিভাবে গুণগুণিভাবে চ স্বগত ভেদেনাপি রহিত ইত্যর্থঃ। ত্রিবিধো হি ভেদঃ। আ্রাঞ্চনসো নেতি সজাতীয় ভেদঃ, আ্রাঞ্জায়াণো নেতি বিদ্যাভীয়ভেদঃ, আ্র-পুষ্ণাণি আ্রানে ইতি স্বগতো ভেদঃ॥ ১৭॥

নিত্যৈবেতি। অনপায়িনী নিত্যসম্বন্ধা স্বরূপানুবন্ধিনীতার্থঃ। এতৎ প্রতিপাদয়িতুং বিষ্ণোঃ স্থারিতি। নুকু কচিৎ নিত্যসূক্তজীবম্বং লক্ষ্যা†ঃ

এবং, নারদ পঞ্চরাত্রেও উক্ত আছে। যথা, "যিনি মুশ্বস্থাদি দোষ শূন্য ও সর্ববিজ্ঞাদি গুণ পূর্ণবিগ্রহবিশিষ্ট, এবং নিশ্চেতনাত্মক জড় শরীরের যে সকল গুণ, তদ্বিরহিত। অতএব যাঁহার হস্ত পদ মুখ উদরাদি সমস্তই আনন্দ মাত্র, স্থতরাং সর্বব্রেই স্বগত ভেদ বিবর্জ্জিত আত্ম স্বরূপ। অর্থাৎ প্রাকৃত বস্তু মাত্রই, স্বজাতীয় বিজাতীয় ও স্বগত এই তিন প্রকার ভেদ বিশিষ্ট। কিন্তু ভগবানের বিগ্রহ কেবল আনন্দ মাত্র, স্থতরাং ঐ সকল ভেদের সম্ভাবনা কোন মতেই নাই॥১৭॥

যথা সর্ব্বগতো বিষ্ণু স্তথৈবেয়ং দ্বিজোত্তম।। ইতি।। বিষ্ণোঃ স্থ্যঃ শক্তয় স্তিত্র স্তাস্থ যা কীত্তিতা পরা। দৈব শ্ৰী স্তদভিন্নেতি প্ৰাহ শিষ্যান্ প্ৰভু ৰ্মহান্॥ তক্রতিশক্তির্বিষ্ণুঃ, যথা শ্বেতাশ্বতরোপনিষদি। পরাস্ত শক্তি বিবিধৈব শ্রেয়তে স্বাভাবিকী জ্ঞানবল-ক্রিয়া চ॥ ইতি॥

প্রধান ক্ষেত্রজ্ঞপতি গুর্ ণেশঃ॥ ইতিচ॥ ১৮॥

স্বীকৃতং, তত্রাহ প্রাহেতি। নিট্টত্যবেতি পদ্যে, সর্বব্যাপ্তিকগনেন কলা কার্ছে-তাাদি পদাদ্যে, ওদ্ধোপীত্যক্তাচ মহাপ্রভুনা স্বশিষ্যান্ প্রতি লক্ষ্যা ভপ্র-দবৈত মুপদিটং। কচিদ্যত্তস্যাস্ত বৈতম্ক্তং তত্তু তদাবিষ্ট নিত্য মৃক্ত জীব মাদায় সঙ্গত মস্ত ৷ পরাস্যেতি । স্বাভাবিকী বহু যুঞ্ত ইব স্কলপানুবদ্ধিনী, জ্ঞান বল-किया, मिष्ट मिलनी स्लामिनी क्रापिनी क्रापिया। ১৮॥

অনন্তর ভগবানের নিত্যলক্ষীবিশিষ্টতা দেখাইতেছেন। যথা, বিষ্ণুপুরাণে, "ভগবান্ বিষ্ণুর নিত্য শক্তি জগমাতা দেই লক্ষীদেবী, তাঁহাতেই নিত্য সম্বদ্ধা আছেন। যেরূপ ভগবান্ দর্বব্যাপক, তাঁহার দেই <u>শক্তিও দেই</u> রূপ"॥ইতি॥

পুনশ্চ উক্ত অর্থেরই প্রতিপাদন নিমিত কহিতেছেন। ভগবান বিষণুর তিন্টি শক্তি আছে, তন্মধ্যে যিনি পরাশক্তি, তাঁহাকেই লক্ষ্মী রূপে কহিয়া থাকেন। এবং তিনিই বিষণু হইতে অভিনা, ইহা ভগবান্ মহাপ্রভু, স্বীয় শিষ্যগণকে উপ-দেশ প্রদান করিয়াছেন।

ভগবানের তিনটি শক্তি আছে এতদ্বিষয়ে প্রমাণ প্রদর্শন করিতেছেন। যথা, শেতাশতর উপনিষদে, "ভগনান্ বিষ্ণুর স্বাভাবিকী বিবিধ শক্তি শ্রুত হওয়া যায়, যেরূপ অগ্নির

শীবিষ্ণুপুরাণে চ।
বিষ্ণুশক্তিঃ পরা প্রোক্তা ক্ষেত্রজ্ঞাখ্যা তথাপরা।
অবিদ্যাকর্ম্মণংজ্ঞান্যা তৃতীয়া শক্তিরিষ্যতে ॥ ইতি ॥
পরৈববিষণুভিন্না শীরিত্যুক্তং, তত্ত্বৈব।
কলাকান্ঠানিমেষাদি কালসূত্রস্থা গোচরে।
যস্তা শক্তি ন শুদ্বস্থা প্রসীদত্ত সানো হরিঃ॥

বিষ্ণুশক্তিরিতি। অবিদ্যেতি কর্ম্মেতি চ সংজ্ঞাযস্যাঃ সা অন্তা তৃ তীয়াশক্তি স্ত্রি-গুণা মায়েত্যুর্থঃ। কলেতি। কলাদিলক্ষ্যো যঃ কালস্তদেবস্ত্রং জগচেষ্টানিয়াম-ক্ষাত্রজ্ঞা তস্য গোচরে বিষয়ে যম্যুগরাখ্যাশক্তিনান্তি, স বিষ্ণু নঃ প্রসীদত্ত। যঃ কেবলঃ প্রাভেদ্রহিত্যেপ্যুপচারাৎ প্রমেশঃ প্রোচ্যতে। প্রাচাসে মা চ লক্ষ্যীস্তম্যাদ্দশংস্থামীতি নিগদ্যতে ইত্যুর্থঃ, যঃ প্রাদিদ্ধঃ স নঃ প্রমীদত্ত। স্ফুট-মন্যুৎ। এষেতি। ত্রিবুৎ ত্রৈদ্ধপ্যেণ বিভাতা। হ্লাদিনীতি। হলাদাত্মাপি যয়া হলাদতে, ভবতি হ্লাদ্বান্ সাহ্লাদিনী। সদাত্মাপি য্যাস্তর্গং ধতে সা সর্ব্ধ-

উষ্ণতা শক্তি, দেইরূপ <u>জ্ঞান বল ক্রিয়া</u> রূপা শক্তি, তাঁহারও স্বভাবিকী, অর্থাৎ স্বরূপানু বন্ধিনী। এই তিন শক্তিই ক্রমান্বয়ে সন্ধিনী সন্থিৎ হ্লাদিনী রূপা হয়েন॥ ইতি॥ ১৮॥

বিষ্ণুপুরাণেও উক্ত হইয়াছে। যথা, ভগবান্ বিষ্ণুর তিনটি শক্তি। তন্মধ্যে প্রথমটি পরাশক্তি অপরা দ্বিতীয়টি ক্ষেত্রজ্ঞসংজ্ঞিকা (জীবশক্তি) এবং তৃতীয়টি অবিদ্যা ও কর্ম্মসংজ্ঞিকা। অর্থাৎ ত্রিগুণাত্মিকা সায়াশক্তি তাহাকে কহে॥ ইতি॥

এই শ্লোকে, প্রথম যিনি পরাশক্তিরূপে উক্তাহই-য়াছেন, তিনিই বিঞ্ছইতে অভিনা। ইহা ঐ বিফুপুরা-ণেই কহিয়াছেন। যথা, "যাঁর পরাখ্যাশক্তি, কলাকাষ্ঠা- প্রোচ্যতে পরমেশো যঃ যঃ শুদ্ধোপ্যপ্রচারতঃ।
প্রদীদত্ত দ নো বিষ্ণু রাত্মা যঃ দর্বদেহিনাং॥ ইতি॥
এষা পরেব ত্রিব্বদিত্যপ্যক্তং তত্রৈব।
হলাদিনী দন্ধিনী দন্ধিৎ ত্বয্যেকা দর্ববদংশ্রয়ে।
হলাদতাপকরী মিশ্রা ত্বয়ি নো গুণবর্জিতে॥ ইতি॥ ১৯॥

দেশকালব্যাপ্তিহেতৃঃ সন্ধিনী। সংবিদাত্মাপি যয়া সংবেত্তি সা সন্ধিং। একা বিশেষবলনির্ভাতভেদকার্যাপি নির্ভেদেতার্থঃ। সত্মাংশেন হলাদকরী, রজো-হংশেন ভাপকরী, যা মিশ্রা ত্রিগুণা শক্তিঃ সা ত্রয়ি নোবর্ত্ততে, কুত ইত্যত্র। হ, গুণবর্জ্জিতে মায়াগুণাপৃষ্টে ইত্যর্থঃ॥ ১৯॥

নিমেষাদিকালরপ সূত্রের বশীভূতা নহেন, সেই ভগবান্ হরি আমাদের প্রতি প্রদন্ধ হউন্। এবং যিনি শুদ্ধ, অর্থাৎ পরাখ্যাশক্তিহইতে অভিন্ন হইলেও, উপচারবশতঃ পরমেশ, (অর্থাৎ পরা শ্রেফা মালক্ষী, তাঁহার ঈশ স্বামী) কথিত হইয়া থাকেন। যিনি সকল দেহিদিগের আত্মা, সেই ভগ-বান্ বিষণু আমাদের প্রতি প্রদন্ম হউন্,॥ ইতি॥

এই পরাখ্যাশক্তিই পুনর্বার তিন প্রকারে ভাসমানা হয়েন, ইহা ঐ বিফুপুরাণেই উক্ত আছে। যথা, "হ্লাদিনী সন্ধিনী, ও সন্ধিৎ, রূপা এক পরাশক্তিই তোমাতে নির্ভেদ্রূপে বর্ত্তমানা আছেন। কিন্তু হ্লাদতাপকারিণী মিশ্রা শক্তি, গুণবর্জ্জিত যে তুমি, তোমাতে নাই। অর্থাৎ সন্থ অংশদারা হ্লাদকারিণী, রজঅংশদারা তাপকারিণী, মিশ্রা অর্থাৎ ত্রিগুণাত্মকা যে মায়াশক্তি, তাহা তোমাতে নাই। যেহেতু ত্রিগুণাত্মক যে মায়াগুণ, তাহা তোমাকে স্পর্শ করিতে পারে না॥ ১৯॥

একোপি বিষ্ণু রেকাপি লক্ষ্মী স্তদনপায়িনী।
স্বিদিদ্ধে বহুভি বে শৈ বহুরিত্যভিধীয়তে॥
তত্ত্বৈকত্বে সত্যেব বিষ্ণো বহুত্বং, যথা।
শ্রীগোপালোপনিষদি।

যথা জ্রীনাবদ পঞ্চরাত্রে, মণির্যথা বিভাগেন নীল পীতাদিভিযুতঃ। রূপ-ভেদ মবাপ্নোতি ধ্যান জেনাৎ তথা বিভুঃ। ইতি। মণিবত্র বৈত্র্যাং। নীল পীতাদয় স্তদ্গুণাং। এবং একমেব পরং তত্ত্বং প্রুষোভ্রমত্যা স্ত্রুত্তমত্যা চদ্বেধা প্রকাশতে। তুস্য তুস্যাশ্চ বৈত্র্য মণিবৎ বহুনি রূপাণি

ভগবান্ বিষ্ণু এক হইয়াও, এবং তাঁহার অব্যভিচা-রিণী শক্তি লক্ষীদেবী এক হইয়াও, উভয়েই বহু বহু রূপধারণ করেন ইহা কহিতেছেন।

একমাত্রভগবান্ বিষ্ণু, এবং তাঁহাতে নিত্য সম্বদ্ধা লক্ষ্মীদেবী, উভয়েই এক হইয়া ও স্বৰূপানুবন্ধি বহু বহু বেশদারা বহুরূপে প্রতীয়মান হয়েন।

তন্মধ্যে, ভগবান্ বিষ্ণু এক হইয়া ও বহু হয়েন; তাহা শ্রীগোপালতাপনী শ্রুতিতে, দেখাইয়াছেন। যথা, " দর্ব-গামী ও বলী একমাত্র কৃষ্ণাই দকলের পূজ্য। যিনি এক হইয়া ও বহু বহু প্রকারে, অর্থাৎ মৎস্থ কূর্মাদিরূপে ভাসমান হয়েন। পিঠি মধ্যন্থিত তাঁহাকে যাঁহারা পূজা করেন, তাঁহারাই শাস্বতস্থ্য সম্ভোগে সমর্থ হয়েন, অন্য কেহ সেই স্থথের আস্বাদ গ্রহণ করিতে পারেন্ না"॥ ইতি॥

অনন্তর লক্ষীদেবীর ও বহুরূপত্ত দেখাইতেছেন। শ্বেতা-শ্বতরো পনিষদে। যথা, "ভগবান্বিষ্ণুর পরাশক্তি বিবিধ একো বশী সর্ববিগঃ কৃষ্ণ ঈড্য, একোপি দন্ বহুধা যো-হবভাতি। তং পীঠস্থং যে তু যজন্তি ধীরা-স্তেষাং স্থং শাশ্বতং নেতরেষাং॥ ইতি॥

॥ अथ नक्षां छप्रथी ॥

পরাস্থ শক্তি বিবিধৈব শ্রায়তে ॥ ইত্যাদি ॥ ২০॥ পূর্ত্তিঃ সার্ব্বত্রিকী যদ্যপ্যবিশেষা তথাপি হি। তারতম্যঞ্চ তচ্ছক্তিব্যক্ত্যব্যক্তিকৃতং ভবেৎ॥ তত্র,

বিষ্ণোঃ দাৰ্ক্বত্ৰিকী পূর্ত্তি র্যথা বাজদনেয়কে। পূর্ণমদঃ পূর্ণমিদং পূর্ণাৎ পূর্ণ মুদ্চ্যতে। পূর্ণস্থা পূর্ণমাদায় পূর্ণমেবাবশিষ্যতে॥ ইতি॥

সম্ভীত্যাহ একোপি ইতি। স্বাসিদ্ধঃ স্বরূপান্থবন্ধিভিঃ বেশৈঃ সংস্থানিঃ র্বাহ বহিনী চোচাতে॥ একোইতি। বহুধা মৎসাক্র্মাদিরূপপ্রাকট্যেন॥ অথেতি। তদ্বহুত্বং॥ পরাস্যেতি। বিবিধা জানকী রুক্মিণ্যাদি রূপ প্রাকট্যেন নানারূপা॥ ২০॥

বিষ্ণে। লক্ষ্যা শ্চাবতারেষু পূর্ত্তি র্যদ্যপি তুল্যা তথাপি গুণ প্রাকট্য তার-তম্যাদংশাংশিভাবো প্যস্তীত্যাহ পূর্ত্তিরিতি। সার্ক্তিকী সর্কেম্ববতারেষু বর্ত্ত-

প্রকারে, অর্থাৎ জানকী রুক্মিণী প্রভৃতি নানাবিধরূপে বিরাজ করেন, ইহাশ্রুত হওয়া যায়"॥ ইতি॥ ২০॥

পূর্ব্বোক্ত ক্রমে, ভগবান্ বিষ্ণুর, ও লক্ষ্মীদেবীর অবতার প্রকটন হেতুক বহুরূপত্ব প্রতিপাদন করণানন্তর, তাঁহা-দিগের উভয়েরই, নিজ নিজ অবতার নিকরে পূর্ণতা যদ্যপি তুল্যা, তথাপি কেবল গুণ প্রাকট্যের তারতম্য হেতুকই সংশাশি ভাব হইয়া থাঁকে, ইহাই প্রতি পাদন করিতেছেন। মহাবারাহেচ। দর্কে নিত্যাঃ শ্বাশ্বতাশ্চ দেহা স্তম্ম পরাত্মনঃ। হানোপাদানরহিতা নৈব প্রকৃতিজাঃ কচিৎ॥

মানা অবিশেষ। তুল্যা॥ পূর্ণমিতি। অদেহিবতারিরপং, ইদং অবতারদেপং, উভরং পূর্ণং দর্কশক্তিমৎ, পূর্ণদিবতারিরপাৎ পূর্ণ মবতাররপং লীলাবিস্তারার স্বয়-মুদ্চাতে প্রাছর্ভবতি। তল্লীলাপ্রেডি পূর্ণস্থাবতারররপ্যা পূর্ণং স্বরূপ মাদার স্বামিরেকাং নীদ্বা পূর্ণমবতারিরপ মন্যত্রাবিশীনং সদবশিষাতে তিঠতীতার্থঃ॥ অত্র প্রকায়ক্তং পার্থকোণ স্থিতি শ্চোচাতে তদিদং যথেষ্ঠং বোধাং। সর্ব্বেন্দ্রিপ অবতারমাত্রেতেই অবিশেষ পূর্ণতা বর্ত্তমানা আছে, তথাপি শক্তির প্রকাশ ও অপ্রকাশ জন্য তারতম্য অবশ্যই হইয়া থাকে।।

তন্মধ্যে ভগবান্ বিষ্ণুর সর্ব্ব অবতারেতে পূর্ণতা দেখাই-তেছেন্। বাজসনেয় শ্রুতিতে। যথা, "পূর্ণ এই অবতারি রূপ, ও পূর্ণ এই অবতার রূপ, উভয়েই পূর্ণ, অর্থাৎ সর্ব্ব শক্তিন্মান্। কিন্তু লীলাবিস্তার নিমিত্ত, পূর্ণ অবতারি রূপ হইতে, পূর্ণ অবতারররূপ প্রান্তুত্ব হয়েন। এবং লীলা প্রকটন নিমিত্ত প্রান্তুত্ব পূর্ণ যে অবতার, ভাঁহার পূর্ণ স্বরূপ গ্রহণ পূর্ব্বক, পূর্ণ যে অবতারি রূপ, তাহাই অবশেষ বর্তুমান থাকেন"॥ ইতি॥

অর্থাৎ একমাত্র ভগবান্ শ্রীকৃষ্ণই, লীলাবিস্তার
নিমিত্ত নানাবিধ অবতার প্রকাশ করেন। সেই অবতারগণ,
সকলেই দর্ব্বশক্তিমান্ বটেন, কিন্তু পূর্ণতমস্বরূপ শ্রীকৃষ্ণেরই পূর্ণতা গ্রহণ পূর্ব্বক সকলের পূর্ণতা ও সর্ব্বশক্তিমতা
হইয়া থাকে। অতএব শ্রীকৃষ্ণই এক মাত্র অবতারি রূপ বস্তু,
তাঁহাতেই সকল অবতারগণ লীন থাকেন্॥

পরমানন্দ সন্দোহা জ্ঞানমাত্রাশ্চ সর্বতঃ।
সর্বে সর্বপ্ত গৈঃ পূর্ণাঃ সর্বেদোষবিবর্জিতাঃ ॥ ইতি ॥২১॥
অথ শ্রিয়ঃ সা যথা শ্রীবিষ্ণুপুরাণে।
এবং অথা জগৎস্বামী দেবদেবো জনার্দনঃ।
অবতারং করোত্যেষ তথা শ্রী স্তৎসহায়িনী।।
পুনশ্চ পন্মা হুছুতা আদিত্যোহভূদ্বদা হরিঃ।
যদাচ ভার্গবো রাম স্তদাভূদ্রনী ত্বিয়ং॥

ইতি। শাখতাঃ জগতি পুনঃ পুনরাবির্ভাবিনঃ দেহাঃ স্বরূপানুবনিনো বিগ্রহাঃ, স্বরূপানুবনিত্বাদের হানেনউপাদানেন চ বর্জিতাঃ॥ কুটার্থ মন্যং॥ ২১॥

অথেতি। সা পূর্ব্তিঃ। তামুদাহরতি এবং যথা ইতি। প্রকটার্থং॥ .দৰত্বে ইতি। করোতি প্রকটয়তি॥ স্থাৎ ইতি। এযুবাক্যেয়ু সৈব সর্ব্বতেতি সর্ব্বোধাং

মহাবারাহে ও কথিত আছে। যথা, " সেই প্রমাক্মা ভগবানের, লীলার্থ জগতে প্রকাশিত দকল দেহই শাশ্বত। তাঁহার দেই দেহগণ কথনই প্রাকৃত নহে, অতএত হানো-পাদান বিবর্জিত। এবং জ্ঞানময় প্রমানন্দ আকৃতি বিশিষ্ট দেই দেহ দকল দর্ব্ব গুণ প্রিপূর্ণ, স্থতরাং দমস্ত দোষ-শৃত্য"॥ ইতি॥ ২১॥

যেরপ ভগবান্ বিঞ্র সর্ব অবতারে পূর্ণতা প্রদর্শিত হইল, সেইরপ লক্ষীদেবীর ও সকল অবতারে পূর্ণতা দেখাইতেছেন্। যথা, বিঞ্ পুরাণে, "দেবদেব জগৎ স্বামী জনার্দন যখন যেরপ অবতার প্রকাশ করেন, তৎসহায়িনী লক্ষীদেবীও সেইরপ অবতার প্রকাশ করেন। যখন ভগবান্ হরি আদিত্য মূর্তিধারণ করিয়াছিলেন, তখন তিনিও পুন-

রাঘবত্বেহত্তবৎ সীতা রুক্মিণী কৃষ্ণজন্মনি। অন্যেয়ু চাবতারেয়ু বিষ্ণোরেষা সহায়িনী॥ দেবত্বে দেবদেহেয়ং মানুষত্বে চ মানুষী। বিষ্ণো র্দেহানুরূপাং বৈ ুকরোত্যেষাত্মন স্তন্তুং॥ ইতি॥ স্থাৎ স্বরূপদতী পূর্ত্তি রিহৈক্যাদিতি বিন্মতং॥ ২২॥

প্রাছর্ভাবানাং অভেদাৎ সর্বেষু তেযু স্বরূপসতী পুর্ত্তি রস্তোবেতি শ্রুতি-যুক্তিবিদাং মতং ইত্যর্থঃ। অন্যথা স্বরূপপুর্ত্তে রভাবে তদভেদো গৌণঃ-স্যাৎ॥ ২২॥

ব্বার পদাহইতে উদ্ভূতা হইয়া ছিলেন। যথন ভগবান্ ভার্গব রূপে অবতীর্ণ হইয়াছিলেন, তথন তিনিও ধরণী মূর্ত্তি প্রকাশ করিয়াছিলেন। যথন দশরথ তনয় রামরূপ ধারণ করেন, তথন তিনি সীতা রূপ, ও কৃষ্ণাবতার সময়ে রুক্মিণীরূপ প্রকাশ করিয়াছিলেন। এবং অন্তান্ত অবতারেও বিষ্ণুর সহায়িনী হয়েন। যথন ভগবান্ দেবমূর্ত্তি হয়েন তথন তিনিও দেবরূপা, ও মানব রূপে, মনুষ্যমূর্ত্তি প্রকাশ করিয়া থাকেন। এই রূপে ভগবান্ যথন যে রূপ ধারণ করেন, লক্ষ্মী দেবীও তথন সেই রূপ, আপনার মূর্ত্তি প্রকাশ করেন ॥ ইতি॥ পূর্ব্বোক্ত ক্রমে ভগবান্ বিষ্ণুর ও লক্ষ্মীদেবীর অবতার গণেতে যে পূর্ণতা নিশা ত হইল, উহা স্বরূপ পূর্ণতা কিনা এই আশক্ষায় লিখিতেছেন।

অবতার সকলের অভেদ হেতুক ঐ পূর্ত্তি স্বরূপপূর্ত্তি, ইহা শ্রুতিযুক্তি নিপুণ বিদ্দৃগণের অভিমত ॥ ২২॥ অথ তথাপি তারতম্যং।
তত্ত্র শ্রীবিফোস্তদ্যথা শ্রীভাগবতে।
এতে চাংশকলাঃ পুংসঃ কৃষ্ণস্ত ভগবান্ স্বয়ং॥ ইতি॥
অফ্টাস্ত তয়োরাসীৎ স্বয়মেব হরিঃ কিল॥ ইতি চ॥ ২৩॥
অথ শ্রিয় স্তদ্যথা পুরুষবোধিন্যামথর্কোপনিষদি।
"গোকুলাখ্যে মাথুরমণ্ডলে" ইত্যুপক্রম্য, "দ্বেপার্ষে

অথেতি। যদ্যপ্যবিশেষা পুর্ত্তিরন্তি তথাপি তারতম্য মংশাংশিভাবোপ্যন্তি ইতার্থঃ ॥ এতেচেতি। এতে চতুর্বিংশতিঃ পুংসো গর্ত্তোদশায়িনোহংশকলাঃ কথিতাঃ। তর্মধ্যপঠিতঃ প্রীকৃষ্ণন্ত স্থাং ভগবান্ অনন্যাপেক্ষিরূপো মূল-মিতার্থঃ॥ অন্তমন্তিতি। তয়ো দেবিকী বস্থদেবয়োঃ॥ ২৩॥

অথেতি। শ্রিয়ন্তৎ তারতমাং।। গোকুলাথ্য ইতি। অত্রাংশিন্যাং শ্রীরাধায়াঃ লক্ষ্মাদয়োহংশা ইত্যর্থে। বিক্ষুট্রঃ। ছুর্গাত্র মন্তরাজাধিস্তাত্রী, নতু প্রাকৃতী॥

অবতারগণের স্বরূপতঃ পূর্ত্তির যদ্যপিও কোন বিশেষ নাই। তথাপি পরস্পর তারতম্য অর্থাৎ অংশাংশিভাব শাস্ত্রদিদ্ধ ইহাপ্রতিপাদনার্থ প্রথমতঃ ভগবান্ বিষ্ণুর অবতারগণের অংশাংশিভাব দেখাইতেছেন। শ্রীমদ্ভাগবতে। যথা,
"এই পূর্ব্বোক্ত চতুর্বিংশৃতিটি অবতার যাহাউক্ত হইল, ইহাঁরা
সকলেই গর্ভোদক শায়ি পুরষের অংশ ও কলামূর্ত্তি। কিন্তু
তন্মধ্যে উক্ত শ্রীকৃষ্ণ স্বয়ং ভগবান্, অর্থাৎ অন্যের অপেক্ষাশ্যু স্বয়ংই সকল অবতারের মূল"॥ইতি॥ এবং দশমেও উক্ত
আছে। যথা, "সেই বস্থদেব ও দেবকীর অন্টম পুত্র স্বয়ং
ভগবান্ শ্রীকৃষ্ণ আবিভূতি হইয়াছিলেন"॥ইতি॥ ২৩॥

